গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা ১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১১-২৯১ তারিখঃ ২৭.০২.২০১২

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম (৩২৫২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা (প্রাক্তন সিভিল সার্জন, গাইবান্ধা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম (৩২৫২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা (প্রাক্তন সিভিল সার্জন, গাইবান্ধা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো।

২৭/২/১২

(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১১-২৯১/১(৮) তারিখঃ ২৭.০২.২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬। সিভিল সার্জন, গাইবান্ধা
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ মোঃ রফিকুল ইসলাম (৩২৫২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা

২৭.২.১২

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭১১৫১
sasdisc1@mohfw.gov.bd

F:\Nokes Document\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১২-(১)৭(৯) তারিখঃ ০৫/০৬/২০১২

আদেশ

যেহেতু, ডাঃ রুমানা আফরিন (কোড-০০৯৯৯০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারায় দোষী সাব্যস্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক উক্ত অধ্যাদেশের ৭(২) ধারামতে প্রথম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৭.০৩.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, যেহেতু, আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও শুনানী অন্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪ (সি) ধারামতে ডাঃ রুমানা আফরিন (কোড-০০৯৯৯০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর এর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত রাখা হলো। তিনি ভবিষ্যতে দণ্ডকালীন সময়ের জন্য কোন প্রকার বকেয়া বেতন প্রাপ্য হবেন না।

গত ০৫.০৭.২০০৯ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়ের বেতন কর্তন করার আদেশ প্রদান করা হলো।

তাঁকে অবিলম্বে বর্তমান কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৭/৩/১২

(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১২-(১৭৯)/১(১০) তারিখঃ ০৫.০৬.২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬। সিভিল সার্জন, শেরপুর
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর
৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নকলা, শেরপুর (তাঁকে উল্লিখিত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়ের বেতন কর্তন করে সরকারী কোষাগারে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ করা হলো)
১০। ডাঃ রুমানা আফরিন (কোড-০০৯৯৯০), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নকলা, শেরপুর (যোগাযোগ ঠিকানাঃ- পিতা- মোঃ আইউব হোসেন, রোডনং-১৩৯৮/১৯/এ/৩/৪, খিলগাঁও, রিয়াজবাগ, তালতলা, ঢাকা-১২১৯)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০০.০০.০৫০.২০১২- ৬৫৬ | তারিখঃ ১৮.০৪.২০১২

বিষয়ঃ বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে 'চাকুরী অবসান' সংক্রান্ত কারন দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ রোজিনা বেগম, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবীগঞ্জ, হবিগঞ্জ গত ০২.০৭.২০০৫ তারিখে সরকারী চাকুরিতে যোগদান করে ০৩.০৭.২০০৫ তারিখ পর্যন্ত ০৭(সাত) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থ ত্যাগ করে নৈমিত্তিক ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে গত ১০.০৭.২০০৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শৃংখলা পরিপন্থি একটি গর্হিত কাজ;

যেহেতু, বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিতি 'চাকুরী অবসান' ঘটেছে মর্মে গণ্য;

এক্ষণে, সেহেতু, উক্ত বিধি মোতাবেক আপনার চাকুরির অবসান ঘটেছে মর্মে কেন আদেশ জারি করা হবে না এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তাঁর কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

(এ. কে. এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ রোজিনা বেগম
মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
নবীগঞ্জ, হবিগঞ্জ
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-হামিদপুর, পোঃ+উপজেলাঃ-পাবতলী, জেলা-বগুড়া)

নং- ৪৫.১৫০.০২৭.০০.০০.০৫০.২০১২-(৬৫৬/১(৫)) | তারিখঃ ১৮.০৪.২০১২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
৩। সিভিল সার্জন, হবিগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
[illegible]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০০.০০.০৮৫.২০১২- ৬৭৮, তারিখঃ ১৮.০৪.২০১২

বিষয়ঃ বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে 'চাকুরি অবসান' সংক্রান্ত কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ডাঃ বেগম ফেরদৌস আরা (৩৪৯০৭), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা কানাডায় পিএইচডি কোর্স সম্পন্ন করার জন্য মন্ত্রণালয়ের বিশ্বস্বাস্থ্য-১ শাখার ১৪.০৩.২০০৩ তারিখের বিশ্বস্বাস্থ্য-১/বিবিধ-০৬/২০০৩-৮৩৯নং আদেশে ০১.০৯.২০০৩ তারিখ পরবর্তী ০১(এক) বছরের জন্য মঞ্জুরীকৃত প্রেষণ এবং পরবর্তীতে অসুস্থতার জন্য ০১.০৯.২০০৪ তারিখ হতে ৩১.১২.২০০৬ তারিখ পর্যন্ত মঞ্জুরীকৃত বিনাবেতনে অসাধারণ ছুটি ভোগশেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০১.২০০৭ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনি গত ০১.০৯.২০০৩ তারিখ হতে অদ্যাবধি দীর্ঘ ০৮(আট) বছরের অধিক সময় একনাগাড়ে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শৃংখলা পরিপন্থি একটি গর্হিত কাজ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর ৩৪ বিধি মতে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিতিতে 'চাকুরি অবসান' ঘটেছে মর্মে গণ্য;

এক্ষণে, সেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক আপনার চাকুরির অবসান ঘটেছে মর্মে কেন আদেশ জারি করা হবে না এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তাঁর কারন দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

১৮/৪/১২
(এ. কে. এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

ডাঃ বেগম ফেরদৌস আরা (৩৪৯০৭)
প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ
ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০০.০০.০৮৫.২০১২- ৬৭৮/১(৪) তারিখঃ ১৮.০৪.২০১২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়

১৮.৪.১২
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫১
sasdisc1@mohfw.gov.bd